ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়
মাদরাসা পরিদর্শন দফতর
www.iau.edu.bd iauins13@gmail.com
বছিলা, মোহাম্মদপুর, ঢাকা-১২৩১।

স্মারক নং- ইআবি/পরি/অধি-নবা/ঢা-৯৮/২০১৬/১৫২৬৯ তারিখ: ২৭ আশ্বিন ১৪৩২ বঙ্গাব্দ
১২ অক্টোবর ২০২৫ খ্রিষ্টাব্দ

# অফিস আদেশ

রোকেয়া কামিল মাদরাসা, ডাকঘর: করটিয়া, উপজেলা: সদর, জেলা: টাংগাইল-এর ফাজিল স্নাতক (পাস) বিএ স্তরের অধিভুক্তি নবায়নের বিষয়ে অধ্যক্ষের ২০-০৪-২০২৫ তারিখের দাখিলকৃত আবেদন ও ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়ের অধিভুক্তি নবায়ন সংক্রান্ত তৃতীয় সংবিধি ২০২৩ অনুযায়ী গঠিত ০১ (এক) সদস্য বিশিষ্ট পরিদর্শন কমিটির দাখিলকৃত প্রতিবেদনের পরিপ্রেক্ষিতে মাদরাসাটির ফাজিল স্নাতক (পাস) বিএ স্তর নিম্নবর্ণিত শর্তে ০১-০৭-২০২৫ থেকে ৩০-০৬-২০২৯ তারিখ পর্যন্ত ০৪ (চার) বছরের জন্য অধিভুক্তি নবায়ন প্রদান করা হলো:

শর্তসমূহ :

১. সকল স্তরে শিক্ষার্থীর সংখ্যা বৃদ্ধিসহ পরীক্ষায় তাদের ফলাফল সন্তোষজনক হতে হবে;
২. শ্রেণি কক্ষের সংখ্যা বৃদ্ধিসহ মেয়ে শিক্ষার্থীদের জন্য আলাদা কমনরুম ও নামাজের স্থান নির্ধারণ করতে হবে;
৩. মহিলা শিক্ষকদের কক্ষ হতে লাইব্রেরিকে আলাদা করতে হবে এবং সংযুক্ত শৌচাগারসহ মহিলা শিক্ষকদের জন্য সুসজ্জিত আলাদা কক্ষের ব্যবস্থা করতে হবে;
৪. শিক্ষার মনোন্নয়নের জন্য শিক্ষকদের বিভিন্ন বিষয়ের ওপর প্রশিক্ষণের ব্যবস্থা করতে হবে;
৫. কুরআন শিক্ষার ওপর বিশেষ গুরুত্ব দেওয়ার পাশাপাশি আরবি ও ইংরেজি ভাষায় শিক্ষার্থীদের বিশেষ দক্ষতা অর্জনের জন্য ভাষা ক্লাব চালু করার জন্য কার্যকরী পদক্ষেপ নিতে হবে;
৬. মাদরাসার ঐতিহ্য অনুযায়ী হাদিস মুখস্তকরণের চর্চা চালু করতে হবে এবং বিভিন্ন পুরস্কার প্রদানের মাধ্যমে শিক্ষার্থীদেরকে এ ব্যাপারে উৎসাহিত করতে হবে;
৭. মাদরাসার ছাত্র-শিক্ষক মিলনায়তন/অডিটোরিয়ামকে আরও সুসজ্জিত করত: কম্পিউটার ল্যাব স্থাপন ও ডিজিটাল হাজিরা, সিসি টিভি ও আইপিএস-এর ব্যবস্থা করতে হবে;
৮. মাদরাসায় হোস্টেল ব্যবস্থা থাকতে হবে এবং হোস্টেলে অবস্থানরত শিক্ষক, শিক্ষার্থী ও স্টাফদের নিরাপত্তাসহ মানসম্মত খাবারের ব্যবস্থা করতে হবে;
৯. শিক্ষার্থীদেরকে আদব-আমল-আখলাক শেখানোর পাশাপাশি কো-কারিকুলার একটিভিটিজ তথা সাপ্তাহিক জলসা, কেরাত, হামদ-নাত, বক্তৃতা (বাংলা, আরবি, ইংরেজি), ক্যালিওগ্রাফি, সাহিত্য চর্চা, নাটিকা, খেলাধুলা, দেয়ালিকা প্রকাশ, বার্ষিকী প্রকাশ, বিতর্ক-রচনা প্রতিযোগিতা ইত্যাদি বিষয়ের ওপর বিশেষ গুরুত্ব দিতে হবে;
১০. ছুটির রেজিস্টার খাতা রক্ষণাবেক্ষণসহ শিক্ষক ও কর্মচারীগণের ব্যক্তিগত ফাইল ও ছুটির আবেদনপত্র যথাযথভাবে সংরক্ষণ করতে হবে;
১১. প্রতি ০৩ (তিন) মাস পরপর অভিভাবক সমাবেশ করার পাশাপাশি বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইট নিয়মিত ভিজিট করতে হবে এবং মাদরাসা সম্পর্কিত সকল নোটিশ সংশ্লিষ্ট মাদরাসার নোটিশ বোর্ডে প্রদর্শন করা ছাড়াও মাদরাসার ফাইলে সংরক্ষণ করতে হবে;
১২. অধিভুক্তি নবায়নের তারিখ উত্তীর্ণ হওয়ার কমপক্ষে ০৮ (আট) মাস পূর্বে পুনঃনবায়নের জন্য আবেদন করতে হবে;

মাননীয় ভাইস চ্যান্সেলরের অনুমোদনক্রমে

১২/১০/২৫
(মোঃ আইউব হোসেন)
রেজিস্ট্রার ও মাদরাসা পরিদর্শক (অতিরিক্ত দায়িত্ব)
মোবাইল: ০১৭০৫ ৪০৮০০১

অধ্যক্ষ, রোকেয়া কামিল মাদরাসা
ডাকঘর: করটিয়া, উপজেলা: সদর, জেলা: টাংগাইল।

স্মারক নং- ইআবি/পরি/অধি-নবা/ঢা-৯৮/২০১৬/১৫২৬৯ তারিখ: ২৭ আশ্বিন ১৪৩২ বঙ্গাব্দ
১২ অক্টোবর ২০২৫ খ্রিষ্টাব্দ

সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি প্রেরিত হলো :

১. মহাপরিচালক, মাদরাসা শিক্ষা অধিদপ্তর, গাইড হাউস (৭ম এবং ১০ম তলা), নিউ বেইলি রোড, রমনা, ঢাকা-১০০০।
২. চেয়ারম্যান, বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, বকশীবাজার, ঢাকা-১২১১।
৩. রেজিস্ট্রার, ইসলামি আরবি বিশ্ববিদ্যালয় (একাডেমিক কাউন্সিল সভায় রিপোর্ট করার জন্য)।
৪. পিএস টু ভিসি, ভাইস চ্যান্সেলর দপ্তর (ভাইস চ্যান্সেলর মহোদয়ের সদয় অবগতির জন্য), ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়।
৫. আইসিটি বিভাগ, ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়, ঢাকা (ওয়েবসাইটে প্রকাশের জন্য)।
৬. সভাপতি, রোকেয়া কামিল মাদরাসা, ডাকঘর: করটিয়া, উপজেলা: সদর, জেলা: টাংগাইল।
৭. অফিস নথি।

12.10.2025
(আরিফ আহমদ)
সহকারী মাদরাসা পরিদর্শক
মোবাইল: ০১৭১৯ ৯৫০৭৭৫